

কেন্দ্রের নৈতিকতা কমিটির ২০২৩-২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ আশরাফ উদ্দিন রেস্ট্র (সচিব)
সভার তারিখ	: ২০ নভেম্বর ২০২৩
সভার সময়	: সকাল ১১:০০ টা
স্থান	: কক্ষ নং-২০৬, আইটিসি
সভার উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সকলকে স্বাগত জানানো হয়। অতঃপর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বাস্তবায়ন কার্যক্রম ও অগ্রগতি পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রঃনং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.১	নৈতিকতা কমিটির সভা আয়োজন	নৈতিকতা কমিটির পরবর্তী সভা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট ও সংশ্লিষ্ট কমিটি
১.২	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	ফোকাল পয়েন্ট/সংশ্লিষ্ট বিভাগ/ অনুবিভাগ প্রধান
১.৩	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের ৪টি সভার মধ্যে ২য় সভাটি আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট
১.৪	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	শুদ্ধাচার সংক্রান্ত ৪টি প্রশিক্ষণ নির্ধারিত রয়েছে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের মধ্যে ৩য় প্রশিক্ষণটি ১০ম গ্রেড হতে তদুর্ধ্ব গ্রেডের ৪০ জন প্রশিক্ষণার্থীর অংশগ্রহণে আগামী ৩১ মার্চ ২০২৩ তারিখের মধ্যে আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট ও পরিচালক (পিপিআর)
১.৫	কর্ম-পরিবেশ উন্নয়ন ক) পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি খ) ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি	ক) কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করতে হবে এবং একই সঙ্গে পরিচ্ছন্নতাকর্মীদের নির্ধারিত এপ্রোন পরিধানসহ নির্ধারিত সময়ের মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতার কার্যক্রমটি আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।	চলমান সকল কোর্সের কোর্স পরিচালকগণ/ পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (সেবা)
১.৬	আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	আওতাধীন আঞ্চলিক কেন্দ্র কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত ২য় সভা আগামী ৩১ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে আয়োজন করতে হবে।	পরিচালক (এসটিঅ্যান্ডরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (সকল)
২.২	অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)	অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার নির্ধারিত অংশ ২০% যথাসময়ে অর্জন করতে হবে।	প্রকল্প বিভাগ ও সহকারী পরিচালক (ক্রয় ও ভান্ডার)
২.৩	বাজেট বাস্তবায়ন	বাজেটের নির্ধারিত অংশ ২০% যথাসময়ে অর্জন করতে হবে।	উপপরিচালক (অর্থ)
২.৪	প্রকল্পের PIC সভা আয়োজন	প্রকল্পের জন্য ৪টি PIC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। উক্ত সভাসমূহের মধ্যে ২য় PIC সভাটি নির্ধারিত সময়ে আয়োজন করতে হবে।	এমডিএস (প্রকল্প)/পরিচালক (প্রকল্প)

ক্রঃনঃ	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ	সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৩.২	কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারী কল্যাণ তহবিল হতে চিকিৎসাজনিত আর্থিক অনুদান প্রদান	কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারী কল্যাণ তহবিল হতে চিকিৎসাজনিত আর্থিক অনুদান প্রদানের সভা নির্ধারিত মধ্যে আয়োজন করতে হবে।	সহকারী পরিচালক (সাধারণ)
৩.৩	প্রশিক্ষার্থীদের প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান ও ঔষধ সরবরাহ	কেন্দ্রের মেডিকেল সেন্টার হতে প্রশিক্ষার্থীদের প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান ও ঔষধ সরবরাহ নিশ্চিত করতে হবে এবং আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।	মেডিক্যাল অফিসার-১
৩.৪	ইআরপি সফটওয়্যারে নৈমিত্তিক ছুটির আবেদন গ্রহণ ও নিষ্পত্তি	সকল কর্মকর্তা/কর্মচারী'র নৈমিত্তিক ছুটির আবেদন ইআরপি সফটওয়্যারে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে এবং আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক (কর্মী-প্রশাসন)
৩.৫	জিপিএফ আবেদন নিষ্পত্তি সহজীকরণ	সকল কর্মকর্তা/কর্মচারী'র জিপিএফ আবেদন নিষ্পত্তি সহজীকরণের লক্ষ্যে জিপিএফ আবেদন যথাযথভাবে পূরণপূর্বক সরাসরি সাধারণ শাখায় দাখিল করবেন। নির্ধারিত সময়ের মধ্যে উক্ত আবেদন নিষ্পত্তি করতে হবে।	সহকারী পরিচালক (সাধারণ)

সভায় অন্য কোন বিষয়ে আলোচনা না-থাকায় সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত  
(মোঃ আশরাফ উদ্দিন)  
রেস্টুর (সচিব)

ও  
সভাপতি, নৈতিকতা কমিটি  
বিপিএটিসি, সাভার, ঢাকা

কার্যবিবরণী নং-০৫.০১.২৬৭২.১২৬.০৬.০৪০.২৩. ২৯২

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩০  
২৭ নভেম্বর ২০২৩

বিতরণ: বিতরণ অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। এমডিএস (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ২। পরিচালক (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ৩। পিএস টু রেস্টুর (রেস্টুর মহোদয়ের অবগতির জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ৪। মেডিক্যাল অফিসার-১, বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ৫। সংশ্লিষ্ট নথি।

(মোঃ নাজিম উদ্দিন)  
সহকারী পরিচালক (সাধারণ)  
বিপিএটিসি, সাভার, ঢাকা